

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৪৮১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৫৮. দু'আ সম্পর্কে

باب الدُّعَاءِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ حَنْبَلٍ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ يَزِيدَ، حَدَّثَنَا حَيْوَةُ، أَخْبَرَنِي أَبُو هَانِئٍ، حُمَيْدُ بْنُ هَانِئٍ أَنَّ أَبَا عَلِيّ، عَمْرَو بْنَ مَالِكٍ حَدَّتَهُ أَنَّهُ، سَمِعَ فَضَالَةَ بْنَ عُبَيْدٍ، صَاحِبَ رَسُولِ بْنُ هَانِئٍ أَنَّ أَبًا عَلِيّ، عَمْرَو بْنَ مَالِكٍ حَدَّتَهُ أَنَّهُ، سَمِعَ فَضَالَةَ بْنَ عُبَيْدٍ، صَاحِبَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم رَجُلاً يَدْعُو فِي صَلَى الله عليه وسلم وَلَمْ يَدْعُو فِي صَلَى الله عليه وسلم فَقَالَ رَسُولُ صَلَاتِهِ، لَمْ يُمَجِّدِ اللهَ تَعَالَى، وَلَمْ يُصَلِّ عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " عَجلَ هَذَا " . ثُمَّ دَعَاهُ فَقَالَ لَهُ أَوْ لِغَيْرِهِ " إِذَا صَلَّى أَحَدُكُمْ فَلْيَبْدَأُ بِتَحْمِيدِ رَبِّهِ جَلَّ وَعَزَّ وَالثَّنَاءِ عَلَيْهِ، ثُمَّ يُصَلِّي عَلَى النَّبِيِّ صلى الله عليه وسلم تُمَّ فَلَا اللهِ عليه وسلم تُمَّ يَعْدُ بَمَا شَاءَ "

_ صحيح

বাংলা

১৪৮১। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবী ফাদালাহ ইবনু 'উবাইদ (রাঃ) বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে সালাতের মধ্যে দু'আকালে আল্লাহর বড়ত্ব ও গুণাবলী বর্ণনা এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি দর্মদ পাঠ করতে শুনলেন না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ এ ব্যক্তি তাড়াহুড়া করেছে। অতঃপর তিনি ঐ ব্যক্তিকে অথবা অন্য কাউকে বললেনঃ তোমাদের কেউ সালাত আদায়কালে যেন সর্বপ্রথম তার প্রভূর মহত্ব ও প্রশংসা বর্ণনা করে এবং পরে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর দর্মপ পাঠ করে, অতঃপর ইচ্ছানুযায়ী দু'আ করে।[1]

সহীহ।

English



Narrated Fudalah ibn Ubayd,:

The Messenger of Allah (ﷺ) heard a person supplicating during prayer. He did not mention the greatness of Allah, nor did he invoke blessings on the Prophet (ﷺ).

The Messenger of Allah (ﷺ) said: He made haste.

He then called him and said either to him or to any other person: If any of you prays, he should mention the exaltation of his Lord in the beginning and praise Him; he should then invoke blessings on the Prophet (ﷺ); thereafter he should supplicate Allah for anything he wishes.

ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায় : দা'ওয়াত, হাঃ ৩৪৭৬, ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), নাসায়ী (অধ্যায় : সাহু, অনুঃ নাবী সাঃ-এর উপর দর্মদ পাঠ, হাঃ ১২৮৩)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ ফাযালা ইবন উবায়দ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন